# মডেল টেস্ট-২

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০**

**১. হিরাদের বাড়ি মেহেরপুর জেলায়। এ জেলাটির সাথে জড়িত ঘটনা কোনটি?**
ক. মুজিবনগর সরকার খ. প্রথম পতাকা উত্তোলন
গ. গণঅভ্যুত্থান ঘ. ছয় দফা আন্দোলন

**২. নাবিলা পাবনায় বসবাস করে। মুক্তিযুদ্ধের সময় জায়গাটি কত নং সেক্টরের অধীন ছিল?**
ক. সেক্টর ৩ খ. সেক্টর ৭
গ. সেক্টর ৫ ঘ. সেক্টর ৯

**৩. যুদ্ধের সময় 'ক' শত্রুদের গতিবিধি সম্পর্কে খোঁজখবর রাখতেন। তিনি কোন গ্রুপে কাজ করতেন?**
ক. অ্যাকশন গ্রুপ খ. রি-অ্যাকশন গ্রুপ
গ. ইন্টেলিজেন্স গ্রুপ ঘ. শান্তিকমিটি

**৪. অপুদের দেশে ১৪ই ডিসেম্বরে একটি দিবস পালন করা হয়। এটি কোন দিবস?**
ক. বিজয় দিবস খ. স্বাধীনতা দিবস
গ. নারী দিবস ঘ. শহিদ বুদ্ধিজীবী দিবস

**৫. ১৬০০ সালে বাণিজ্য পরিচালনার জন্য ভারতে একটি কোম্পানি প্রতিষ্ঠা করা হয়। এ কোম্পানির নাম কী?**
ক. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি
খ. ডেনিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি
গ. ডাচ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি
ঘ. ফরাসি ইস্ট-ইন্ডিয়া কোম্পানি

**৬. ইংরেজ শাসনামলে রাজা রামমোহন রায় নামে একজন বিখ্যাত ব্যক্তি ছিলেন। তিনি কোনটির সাথে জড়িত ছিলেন?**
ক. বাংলার নবজাগরণ খ. পলাশির যুদ্ধ
গ. বক্সারের যুদ্ধ ঘ. বঙ্গভঙ্গ রদ

**৭. জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পাশে অবস্থিত বাহাদুর শাহ পার্কটি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কীসের কথা মনে করিয়ে দেয়?**
ক. বক্সারের যুদ্ধের খ. সিপাহি বিদ্রোহের
গ. পলাশির যুদ্ধের ঘ. সাঁওতাল বিদ্রোহের

**৮. মনে কর তোমার দাদা একজন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। মৃত্যুর সময় তিনি মুক্তিযুদ্ধের অনেক ছবি রেখে গেছেন। এ ছবিগুলোর সর্বোত্তম ব্যবহার তুমি কীভাবে করবে?**
ক. বন্ধুদেরকে দেখাব খ. ছবিগুলোর যত্ন নেব
গ. এ্যালবাম তৈরি করব ঘ. প্রদর্শনীর ব্যবস্থা করব

**৯. নরসিংদী জেলার দুটি গ্রামে মৌর্য আমলের প্রাচীন নগরের নিদর্শন পাওয়া গেছে। উক্ত গ্রাম দুটি কী কী?**
ক. উয়ারী ও বটেশ্বর খ. বেলাব ও নারায়ণপুর
গ. টঙ্গীটেক ও চৈতন্যা
ঘ. মহাস্থানগড় ও পাহাড়পুর

**১০. ময়নামতি বৌদ্ধ সভ্যতার অন্যতম কেন্দ্র ছিল। তবে এখানে আর কোন ধর্মের নিদর্শন পাওয়া গেছে?**
ক. হিন্দু ও জৈন খ. মুসলিম ও খ্রিস্টান
গ. বৌদ্ধ ও বৈষ্ণব ঘ. বৈষ্ণব ও হিন্দু

**১১. আহসান মঞ্জিলে বাংলাদেশের অন্যতম ঐতিহাসিক নিদর্শন। বর্তমানে এটি কী হিসাবে ব্যবহৃত হচ্ছে?**
ক. জাদুঘর খ. শিক্ষা প্রতিষ্ঠান
গ. বাণিজ্যিক কেন্দ্র ঘ. হাসপাতাল

**১২. ঐতিহাসিক নিদর্শনগুলোতে পর্যটকদের উপস্থিতি বৃদ্ধি করার সর্বোত্তম উপায় কোনটি?**
ক. আবাসিক সুবিধা বৃদ্ধি
খ. কেনাকাটার সুযোগ বৃদ্ধি
গ. যোগাযোগ ব্যবস্থা উন্নত করা
ঘ. স্থানটির সৌন্দর্য বৃদ্ধি ও সংরক্ষণ

**১৩. এদেশের মাটি চাষের জন্য এত উপযোগী বলে মনে করার গ্রহণযোগ্য কারণ কোনটি?**
ক. উর্বর ব-দ্বীপ অঞ্চল খ. নদীমাতৃক অঞ্চল
গ. পাহাড়ি অঞ্চল ঘ. সমতল অঞ্চল

**১৪. বাংলাদেশের পশ্চিম অঞ্চলে একটি কৃষিপণ্য প্রচুর পরিমাণে উৎপাদিত হলেও তা আমদানি করতে হয়। কৃষিপণ্যটির নাম কী?**
ক. ধান খ. গম
গ. ডাল ঘ. ভুট্টা

**১৫. পাটকে সোনালী আঁশ বলার যথার্থ কারণ কোনটি বলে তুমি মনে কর?**
ক. প্রধান অর্থকরী ফসল
খ. সোনালী রঙের আঁশের জন্য
গ. অনেক উপকারী বলে
ঘ. রপ্তানি আয় বেশি আসে

**১৬. পরিবহন সুবিধার কারণে বাংলাদেশের একটি শিল্পের কারখানাগুলো নদী তীরে অবস্থিত। শিল্পটির নাম কী?**
ক. পাট শিল্প খ. পোশাক শিল্প
গ. কাগজ শিল্প ঘ. সিমেন্ট শিল্প

**১৭. সুষ্ঠুভাবে বেঁচে থাকার জন্য মানুষের খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ও চিকিৎসার প্রয়োজন। কোনটি বৃদ্ধি পেলে এসব অভাব পূরণ অসম্ভব হয়ে পড়ে?**
ক. প্রাকৃতিক সম্পদ খ. রাষ্ট্রীয় সম্পদ
গ. সামাজিক সম্পদ ঘ. জনসংখ্যা

**১৮. কিছু মানুষ নির্বিচারে গাছ কাটছে। এতে পরিবেশের উপর কীরূপ প্রভাব পড়ছে?**
ক. পরিবেশ সুন্দর হচ্ছে
খ. প্রাকৃতিক সৌন্দর্য কমছে
গ. মাটির উর্বরতা বৃদ্ধি পাচ্ছে
ঘ. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে

**১৯. দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য কর্মমুখী শিক্ষার দরকার। এজন্য কোন শিক্ষার প্রসার প্রয়োজন?**
ক. উচ্চ শিক্ষা খ. কৃষিশিক্ষা
গ. কারিগরি শিক্ষা ঘ. গণশিক্ষা

Teachingbd.com

২০. ইমন জলবায়ু সম্পর্কিত প্রতিবেদন তৈরি করতে চাইল। তাকে কত বছরের বেশি সময়ের গড় আবহাওয়া সম্পর্কে জানতে হবে?
ক. ২০ থেকে ৩০ বছরের
খ. ৩০ থেকে ৪০ বছরের
গ. ৫০ থেকে ৬০ বছরের
ঘ. ৪০ থেকে ৬০ বছরের

২১. বন্যা হলেই সুমিদের এলাকার নদীটির ভাঙন শুরু হয়। এর মূল কারণ কী?
ক. অতিরিক্ত পানির স্রোত খ. লঞ্চ চলাচল
গ. কম ঢেউ ঘ. বেশি বৃষ্টি

২২. রুনাদের গ্রামে বনজঙ্গল কেটে বসতবাড়ি তৈরি করা হচ্ছে। এর ফলে তাদের গ্রাম কোন প্রাকৃতিক দুর্যোগের শিকার হতে পারে?
ক. জলোচ্ছ্বাস খ. বন্যা
গ. খরা ঘ. ভূমিকম্প

২৩. তোমার প্রতিবেশী স্বল্প শিক্ষিতা রহিমা তার পারিবারিক প্রয়োজনে কোনো পেশা বেছে নিতে চায়। এক্ষেত্রে তুমি তাকে কী পরামর্শ দিবে?
ক. ইটের ভাটায় কাজ করতে
খ. পাথর ভাঙার কাজ করতে
গ. বাসায় গৃহকর্মীর কাজ করতে
ঘ. গার্মেন্টস কর্মী হিসেবে কাজ করতে

২৪. রাকিবের ছোট ভাই খুব ভালো ছবি আঁকতে পারলেও সবসময় চুপচাপ থাকে। রাকিবের ছোট ভাই কোন সমস্যায় আক্রান্ত?
ক. অটিস্টিক খ. অটিজম
গ. ব্রেইন টিউমার ঘ. পোলিও

২৫. তুমি দেখতে পেলে একটি শিশুকে নির্জন স্থানে বেঁধে রাখা হয়েছে। এ ক্ষেত্রে তুমি কী করবে?
ক. বিষয়টি এড়িয়ে যাব খ. বন্ধুদেরকে জানাব
গ. পালাতে সাহায্য করব ঘ. বড়দেরকে জানাব

২৬. জলিল নারী ও শিশুদের লোভ দেখিয়ে বিদেশে পাঠানোর কাজে লিপ্ত। তার এই কাজকে কী বলা হয়?
ক. মানব পাচার খ. মানবাধিকার বিরোধী কাজ
গ. ব্যবসা করা ঘ. নির্যাতন করা

২৭. জমির ও লোপা একটি অফিসে একই পদে চাকরি করে। তাদের সুযোগ-সুবিধা একই রকম। এর কারণ কী?
ক. নারীর অধিকার খ. নারী ও পুরুষের সমতা
গ. নারীর বৈষম্য ঘ. পুরুষ অগ্রাধিকার

২৮. ভারতীয় উপমহাদেশের একজন মহীয়সী নারী যিনি নারী অধিকার প্রতিষ্ঠায় কাজ করেছেন। এখানে কার কথা বলা হয়েছে?
ক. ইলামিত্র খ. নূরজাহান বেগম
গ. বেগম রোকেয়া ঘ. সুফিয়া কামাল

২৯. বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়টিতে মাহি চাকরি পেয়েছে। এই মন্ত্রণালয়টি কোন বিষয়ে কাজ করে?
ক. নারী নির্যাতন প্রতিরোধ খ. নারী শিক্ষা
গ. নারী উন্নয়ন ঘ. শিশু শ্রম

৩০. রিপন তার দাদার বয়েসি লোকদের সালাম দেয় না। রিপন কীসের প্রতি দায়িত্ব পালনে অবহেলা করছে?
ক. পরিবার খ. সমাজ
গ. রাষ্ট্র ঘ. বিদ্যালয়

৩১. একজন প্রতিবেশী তোমার সাথে ভালো সম্পর্ক রাখে না, বিপদে-আপদেও এগিয়ে আসে না। তুমি কী করবে?
ক. তাকে ঘৃণা করব
খ. বন্ধুসুলভ আচরণ করব
গ. তার সমালোচনা করব
ঘ. বিষয়টি তার আত্মীয়-স্বজনকে জানাব

৩২. তোমার বড় ভাই একজন ভোটার। দেশে সুশাসন প্রতিষ্ঠার জন্য তার কেমন ব্যক্তিকে ভোট দেওয়া উচিত?
ক. সম্পদশালী ব্যক্তিকে খ. গরিব ব্যক্তিকে
গ. অসৎ ও অযোগ্য ব্যক্তিকে ঘ. সৎ ও যোগ্য ব্যক্তিকে

৩৩. তোমাদের শ্রেণিশিক্ষক ক্লাসরুম পরিষ্কার পরিচ্ছন্ন করার নির্দেশ দিলেন। শ্রেণিনেতা হিসেবে তোমার দায়িত্ব কী হবে?
ক. একাই সব কাজ করবে
খ. সবার মতামত নিয়ে কাজ করবে
গ. অন্যদের দিয়ে কাজ করাবে
ঘ. নিজের সিদ্ধান্ত অন্যদের ওপর চাপিয়ে দেবে

৩৪. ক্রিকেট খেলায় ব্যাটিং করার সময় তোমার বন্ধু আউট হয়ে গেল। কিন্তু সে এটা মেনে নিতে পারছে না। তুমি কী করবে?
ক. তাকে সান্ত্বনা দেব খ. তাকে সমর্থন দেব
গ. সিদ্ধান্ত মেনে নিতে বলব
ঘ. সিদ্ধান্তের বিরোধিতা করব

৩৫. তোমাদের ক্লাসের দুই সহপাঠীর মধ্যে ঝগড়া হয়েছে। বিষয়টি তুমি কীভাবে মীমাংসা করবে?
ক. একজনকে সমর্থন করে
খ. উভয়কে বুঝিয়ে মধ্যস্থতা করে
গ. শ্রেণি শিক্ষককে অবহিত করে
ঘ. তাদের পিতামাতার দৃষ্টি আকর্ষণ করে

৩৬. মীরার এক নৃ-গোষ্ঠী বন্ধুর পরিবারে নারীই প্রধান এবং সব সম্পত্তির অধিকারী। এটি কোন ধরনের সমাজব্যবস্থা?
ক. পিতৃতান্ত্রিক খ. মাতৃতান্ত্রিক
গ. বংশানুক্রমিক ঘ. কারবারি

৩৭. সৌমিত্র বাংলাদেশের একটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিবাসী যাদের ধর্মের নাম তোরাই। সৌমিত্র কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর অধিবাসী?
ক. খাসি খ. ম্রো গ. গারো ঘ. চাকমা

৩৮. অন্য সবার মতো ত্রিপুরারাও সমাজে নববর্ষে উৎসব পালন করেন। তাদের এই উৎসবের নাম কী?
ক. বিশু খ. সাংগ্রাই
গ. বৈষাবি ঘ. পূজা-পার্বণ

৩৯. জাতিসংঘের সাধারণ পরিষদে একজন বাংলাদেশি ১৯৮৬ সালে সভাপতির দায়িত্ব পালন করেন। তাঁর নাম কী?
ক. ড. মুহাম্মদ ইউনুস খ. হুমায়ুন রশিদ চৌধুরী
গ. সৈয়দ নজরুল ইসলাম ঘ. ক্যাপ্টেন মনসুর আলী

৪০. বিশ্ব স্বাস্থ্য সংস্থা মানুষের স্বাস্থ্য রক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে একটি দিবস পালন করে। এটি কোন তারিখে পালন করা হয়?
ক. ৭ই মে খ. ৭ই এপ্রিল
গ. ৮ই জুন ঘ. ১৪ই ফেব্রুয়ারি

teachingbd.com

৪১. নেপাল ও ভারত সার্কের সদস্য। এতে দুইটি দেশের ক্ষেত্রে কোনটি ঘটবে?
ক. ভ্রাতৃত্ব সৃষ্টি খ. ঝগড়া সৃষ্টি
গ. দ্বন্দ্ব সৃষ্টি ঘ. মত বিরোধ সৃষ্টি
৪২. বীরশ্রেষ্ঠদের মধ্যে সেনাবাহিনীর সদস্য ছিল কতজন?
ক. ১ খ. ২ গ. ৩ ঘ. ৪
৪৩. ভারতীয় মুসলিম লীগ নামে রাজনৈতিক দলটি কত সালে গঠিত হয়?
ক. ১৯০৬ খ. ১৯১০ গ. ১৯১১ ঘ. ১৯১৬
৪৪. নারায়ণগঞ্জ, চাঁদপুর, খুলনার দৌলতপুরে কোন শিল্পের কারখানা অবস্থিত?
ক. তামাক খ. চা গ. পাট ঘ. বস্ত্র
৪৫. দেশের উন্নয়নে কী ধরনের নাগরিক প্রয়োজন?
ক. শিক্ষিত খ. নিরক্ষর
গ. ব্যবসায়ী ঘ. রাজনৈতিক নেতা
৪৬. অধিক হারে ভবন নির্মাণের ফলে মাটি কীসে ঢেকে যায়?
ক. পানিতে খ. বালিতে গ. পাথরে ঘ. কংক্রিটে
৪৭. কত সালে রাশিয়ার নারীরা নারী দিবস পালন করে?
ক. ১৯১০ খ. ১৯১১ গ. ১৯১২ ঘ. ১৯১৩
৪৮. ছোটদের ভালোবাসা ও দেখাশোনা করা আমাদের কোন ধরনের কর্তব্য?
ক. পরিবারের প্রতি খ. রাষ্ট্রের প্রতি
গ. সমাজের প্রতি ঘ. আত্মীয়দের প্রতি
৪৯. বাড়িতে সিদ্ধান্ত নেয়ার আগে আমাদের কী করা উচিত?
ক. নিজের সিদ্ধান্ত অন্যদের ওপর চাপিয়ে দেয়া
খ. একে অপরের মতামত শোনা
গ. অন্যদের মতামত না শোনা
ঘ. ছোটদের মতামত অবহেলা করা
৫০. বর্তমানে সার্কভুক্ত দেশের সংখ্যা কয়টি?
ক. সাতটি খ. আটটি গ. নয়টি ঘ. দশটি

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: (১৫টি। প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক) ১×১৫ = ১৫

ক. অপারেশন জ্যাকপটে বাংলাদেশের পক্ষে একটি বাহিনী যুদ্ধ করে যার প্রধান ছিলেন লেফটেন্যান্ট জেনারেল জগজিৎ সিং অরোরা। বাহিনীটির নাম কী?
খ. বাংলায় এক সময় নবজাগরণ ঘটে। এটি কোন শতকে ঘটে?
গ. কুমিল্লা শহরের কাছে অবস্থিত একটি প্রাচীন নিদর্শনে বৌদ্ধ ধর্মের নিদর্শন পাওয়া গেছে। নিদর্শনটির নাম কী?
ঘ. সাথীদের এলাকায় একটি সার কারখানা রয়েছে। এটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?
ঙ. কবিরদের এলাকায় দীর্ঘদিন ধরে শুষ্ক আবহাওয়া বিরাজমান। এর ফলে কোন দুর্যোগটি দেখা দিতে পারে?
চ. দারিদ্র্যতার কারণে অনিক লেখাপড়ার সুযোগ পায় না। এর ফলে সে কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হচ্ছে?
ছ. ১৯৭৭ সালে জাতিসংঘ ৮ মার্চকে একটি বিশেষ দিবস হিসেবে ঘোষণা দেয়। দিবসটির নাম কী?
জ. 'ক' দেশে জনগণের শাসন বিদ্যমান। 'ক' দেশে কোন ধরনের শাসনব্যবস্থা বিদ্যমান?
ঝ. গারো নামক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী দেবতা 'সালজং' এর সম্মানে একটি উৎসব পালন করে। এ উৎসবের নাম কী?
ঞ. 'ক' সংস্থাটির উদ্দেশ্য হলো সদস্য দেশগুলোর অর্থনৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার দ্রুত উন্নয়ন করা। এটি কোন সংস্থা?
ট. কাদের নিয়ে মুক্তিবাহিনী গঠিত হয়েছিল?
ঠ. 'ভাগ কর শাসন কর' কোন সরকারের শাসন নীতি?
ড. ভূ-গর্ভের পানি উত্তোলনের কারণে কীসের ওপর ক্ষতিকর প্রভাব পড়ছে?
ঢ. দুর্ঘটনা এড়ানোর জন্য রাস্তায় কীভাবে চলা উচিত?
ণ. ইউনেস্কোর সদর দপ্তর কোথায় অবস্থিত?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. ১৯৭১ সালের মার্চ মাসে হানাদার বাহিনী একটি অপারেশন চালায়। 'অপারেশন সার্চলাইট' কী? অপারেশন সার্চলাইট পরিচালিত হয়েছিল কেন? অপারেশন সার্চলাইটের তিনটি ফলাফল লেখ। ১+১+৩=৫
খ. ঢাকায় বুড়িগঙ্গা নদীর তীরে একটি ঐতিহাসিক স্থান অবস্থিত। এটি বাংলার নবাবদের প্রাসাদ ছিল। উক্ত স্থানের নাম কী? উক্ত স্থানের ইতিহাস চারটি বাক্যে লেখ। ১+৪ =৫
গ. 'ক' বাংলাদেশের প্রধান ফসল। এটি দেশের প্রায় সর্বত্র উৎপন্ন হয়। ফসলটির নাম কী? ফসলটি সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪ =৫
ঘ. মানুষের ভালোভাবে বেঁচে থাকার জন্য প্রয়োজন বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা। এই সুযোগ-সুবিধা পাওয়ার অধিকারকে কী বলে? আমাদের জীবনে এ সকল সুযোগ-সুবিধার প্রয়োজনীয়তা সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫
ঙ. হাবিব সাহেব রাষ্ট্রের বিভিন্ন সম্পদ রক্ষায় সচেতন থাকেন। এটি তার কোন ধরনের দায়িত্ব ও কর্তব্য? এ ধরনের চারটি কর্তব্য উল্লেখ কর। ১+৪=৫
চ. আমাদের রাষ্ট্র পরিচালনার একটি মূলনীতি প্রতিষ্ঠার জন্য এদেশের জনগণ দীর্ঘদিন সংগ্রাম করেছে। এখানে কোন মূলনীতিটির কথা বলা হয়েছে? মূলনীতিটি সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫
ছ. পার্বত্য অঞ্চলের এক ক্ষুদ্র জনগোষ্ঠীর নিজস্ব ধর্মের নাম 'তোরাই'। জনগোষ্ঠীর নাম কী? তাদের সমাজব্যবস্থা এবং খাদ্য সম্পর্কে দুইটি বাক্য লেখ। ১+১+৩ = ৫
জ. ২০০৭ সালে আফগানিস্তান দক্ষিণ এশিয়ার একটি আঞ্চলিক সহযোগিতা সংস্থার সদস্যপদ লাভ করে। সংস্থাটির নাম কী? সংস্থাটি কত সালে গঠিত হয়? সংস্থাটির তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ। ১+১+৩=৫
ঝ. বাংলায় নব জাগরণের ফলাফল কী ছিল? পাঁচটি বাক্যে লেখ। ৫
ঞ. জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরের পাঁচটি উপায় লেখ। ৫

Teachingbd.com

# উত্তরমালা

১. ১. ক. মুজিবনগর সরকার; ২. খ. সেক্টর ৭; ৩. গ. ইন্টেলিজেন্স গ্রুপ; ৪. ঘ. শহিদ বুদ্ধিজীবী দিবস; ৫. ক. ইস্ট-ইন্ডিয়া কোম্পানি; ৬. ক. বাংলার নবজাগরণ; ৭. খ. সিপাহি বিদ্রোহের; ৮. ঘ. প্রদর্শনীর ব্যবস্থা করব; ৯. ক. উয়ারী ও বটেশ্বর; ১০. ক. হিন্দু ও জৈন; ১১. ক. জাদুঘর; ১২. ঘ. স্থানটির সৌন্দর্য বৃদ্ধি ও সংরক্ষণ; ১৩. ক. উর্বর ব-দ্বীপ অঞ্চল; ১৪. গ. ডাল; ১৫. ক. প্রধান অর্থকরী ফসল; ১৬. ক. পাট শিল্প; ১৭. ঘ. জনসংখ্যা; ১৮. ঘ. প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হচ্ছে; ১৯. গ. কারিগরি শিক্ষা; ২০. খ. ৩০ থেকে ৪০ বছরের; ২১. ক. অতিরিক্ত পানির স্রোত; ২২. গ. খরা; ২৩. ঘ. গার্মেন্টিস কর্মী হিসেবে কাজ করতে; ২৪. খ. অটিজম; ২৫. ঘ. বড়দেরকে জানাব; ২৬. খ. মানবাধিকার বিরোধী কাজ; ২৭. খ. নারী ও পুরুষের সমতা; ২৮. গ. বেগম রোকেয়া; ২৯. ক. নারী নির্যাতন প্রতিরোধ; ৩০. খ. সমাজ; ৩১. খ. বন্ধুসুলভ আচরণ করব; ৩২. ঘ. সৎ ও যোগ্য ব্যক্তিকে; ৩৩. খ. সবার মতামত নিয়ে কাজ করবে; ৩৪. গ. সিদ্ধান্ত মেনে নিতে বলব; ৩৫. খ. উভয়কে বুঝিয়ে মধ্যস্থতা করে; ৩৬. খ. মাতৃতান্ত্রিক; ৩৭. খ. ম্রো; ৩৮. ক. বিশু; ৩৯. খ. হুমায়ুন রশিদ চৌধুরী; ৪০. খ. ৭ই এপ্রিল; ৪১. ক. ভ্রাতৃত্ব সৃষ্টি; ৪২. গ. ৩; ৪৩. ক. ১৯০৬; ৪৪. গ. পাট; ৪৫. ক. শিক্ষিত; ৪৬. ঘ. কংক্রিটে; ৪৭. ঘ. ১৯১৩; ৪৮. গ. সমাজের প্রতি; ৪৯. খ. একে অপরের মতামত শোনা; ৫০. খ. আটটি।

২. ক. মিত্রবাহিনী।
খ. উনিশ শতকে।
গ. ময়নামতি।
ঘ. বৃহৎ শিল্প।
ঙ. খরা।
চ. মানবাধিকার।
ছ. আন্তর্জাতিক নারী দিবস।
জ. গণতান্ত্রিক শাসনব্যবস্থা।
ঝ. ওয়াংগালা।
ঞ. সার্ক।
ট. সামরিক ও বেসামরিক যোদ্ধাদের নিয়ে।
ঠ. ব্রিটিশ সরকারের।
ড. পরিবেশ ও জলবায়ু।
ঢ. দুর্ঘটনা এড়ানোর জন্য রাস্তায় সাবধানে বা ট্রাফিক আইন মেনে চলা উচিত।
ণ. ফ্রান্সের প্যারিসে।

Teachingbd.com